

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ
তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,
খুমলুঙ, পশ্চিম ত্রিপুরা

এডিসি।স-১৭৩
খুমলুঙ, ০৪।১২।২০২ ১ইং

১০% শতাংশ ছাড়ে বই-----ই এম.

১০ শতাংশ ছাড়ে পাঠ্যবই কিনতে পারবে ছাত্রছাত্রীগণ জানিয়েছেন শিক্ষা দপ্তরের নির্বাহী সদস্য
চিওরঞ্জন দেববর্মা।

আজ খুমলুঙস্থিত প্রধান প্রশাসনিক ভবনের ২ নং মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনে একথা
জানান শিক্ষা দপ্তরের নির্বাহী সদস্য শ্রীদেববর্মা। তিনি জানান বিগ বুক হাউস সহ ১০টি পাবলিশার্সের ইচ্ছা
অনুসারেই এই পদক্ষেপ নেওয়া হয়। সংশ্লিষ্ট বিষয়ে খুমলুঙস্থিত শিক্ষা দপ্তরের প্রধান আধিকারিক অফিসে
যোগাযোগ করলে বিশদ বিবরণ জানতে পারবেন বলে তিনি জানান। তিনি জানান এখানে বই কিনতে হবে
বাধ্যতা মূলক নয়। কোভিড ১৯ এর অসুবিধার জন্যে গরীব ছাত্রছাত্রীদের বই কেনারসুযোগ সৃষ্টি করতেই এই
পদক্ষেপ নেওয়া হয়। এই সুযোগ অভিভাবক ছাত্রছাত্রীদের গ্রহণ করতে শ্রীদেববর্মা আহ্বান রাখেন। এই
সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা দপ্তরের প্রধান আধিকারিক অমরধীপ দেববর্মা,
বিগ বুক হাউসের ডিরেক্টর জয়জিৎ সাহা।

